



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিঃ/১০৬৪

তারিখঃ ১৮/১০/২০১৭ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট- এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনধারী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে (চতুর্থ বিষয় বাদে) সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন মেয়াদ নবায়ন পূর্বক ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

এমতাবস্থায়, আগামী ৩১/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতঃ নিম্ন স্বাক্ষরকারী বরাবরে আবেদন করতে অনুরোধ করা হলোঃ

১. রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
২. ফি বাবদ শিক্ষার্থী প্রতি ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার।  
(সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সম্পাদিত)
৩. টেলুলেশন শীটের অনুলিপি ( প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(ড. সৈয়দ মোয়াজ্জম হুসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণ।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।